

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রাচীর পত্র নং ১৬৬/২০২৪খ্রিঃ

তারিখঃ- ৩০/১২/২০২৪খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

“বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড” কর্তৃক সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহ্বানকৃত দরপত্রে অংশগ্রহণ হতে বিরত থাকা প্রসঙ্গে।

এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য সি এন্ড এফ এজেন্টগণের সদয় অবগতির জন্যে জানানো যাচ্ছে, “বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড” কর্তৃক সিএন্ডএফ এজেন্ট নিয়োগের জন্য আহ্বানকৃত দরপত্র বিজ্ঞপ্তি নং- ১৪.৩৭.০০০০.৭০২.০৭.৭৬০.২৪.৩৩৯২, তারিখঃ-২৯/০৮/২০২৪খ্রিঃ এ অংশগ্রহণকারী সিএন্ডএফ এজেন্টগণের দরপত্র বিগত ১৬/১০/২০২৪খ্রিঃ তারিখ অনূষ্ঠিত টেন্ডার, জ্যাট ও নিম্নতম কমিশন বিষয়ক উপ-কমিটির সভায় এসোসিয়েশনের টেন্ডার নীতিমালা পরিপন্থী বিবেচিত হয়। এতে কার্যাদেশ প্রাপ্ত হলেও উক্ত সংস্থার সহিত চুক্তি সম্পাদন হতে বিরত থাকার জন্যে টেন্ডারে অংশগ্রহণকারী সিএন্ডএফগণকে বিগত ২৩/১০/২০২৪খ্রিঃ তারিখ এসোসিয়েশন হতে পত্র প্রেরণ করা হয়। এসোসিয়েশনের পত্রের প্রেক্ষিতে কার্যাদেশ পাওয়ার পরেও যে সকল সিএন্ডএফ এজেন্ট উক্ত সংস্থার সহিত চুক্তি সম্পাদনে অপরগতা প্রকাশ করেছেন তাঁদের আনেষ্ট মানি বাজেয়াপ্ত না করে ফেরত প্রদানের জন্যে এবং উক্ত টেন্ডারে অংশগ্রহণকারী সিএন্ডএফ এজেন্টগণের মধ্যে হতে কোন প্রতিষ্ঠানকে সিএন্ডএফ এজেন্ট নিয়োগ না করে পুনরায় দরপত্র আহ্বানের জন্যে বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেডকে বিগত ১৯/১১/২০২৪খ্রিঃ তারিখ এসোসিয়েশন হতে পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়। কিন্তু উক্ত সংস্থা এসোসিয়েশনের অনুরোধ উপেক্ষা করে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টগণের আনেষ্ট মানি বাজেয়াপ্ত করে উক্ত টেন্ডারের পুনঃটেন্ডার আহ্বান করেছেন যাহার নং:-১৪.৩৭.০০০০.৭০২.০৭.৭৬০.২৪.৪২৫৯, তারিখঃ- ২৮/১১/২০২৪খ্রিঃ। এতে এসোসিয়েশনের নির্দেশনার প্রেক্ষিতে কার্যাদেশ পাওয়ার পরেও যে সকল সিএন্ডএফ এজেন্ট উক্ত সংস্থার সহিত চুক্তি সম্পাদনে অপরগতা প্রকাশ করেন তাঁরা আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছেন।

এমতাবস্থায় এসোসিয়েশনের নির্দেশনার কারণে যে সকল সি এন্ড এফ এজেন্ট “বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড” হতে কার্যাদেশ পাওয়ার পরেও চুক্তি সম্পাদন করেননি তাঁদের আনেষ্ট মানি ফেরত প্রদান না করা পর্যন্ত উক্ত সংস্থার আহ্বানকৃত উপরোল্লিখিত পুনঃটেন্ডারে অংশগ্রহণ হতে বিরত থাকার জন্যে এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য/সদস্যগণকে অনুরোধ জানানো হল।

মোঃ গোলাম রব্বানী (রিগ্যান)

ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন